

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩১১৩

পর্ব-১৩: বিবাহ (১১১)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - (বিবাহের প্রস্থাবিত) পাত্রী দেখা ও সতর (পর্দা) প্রসঙ্গে

## আরবী

وَعَنْ عَلِيٍّ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَهُ: «يَا عَلِيُّ لَا تُبْرِزْ فَخِذَ كَنَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَهُ: «يَا عَلِيُّ لَا تُبْرِزْ فَخَذَ كَ وَلَا مَيِّتٍ» . رَوَاهُ أَبُو دَاوُد وَابْن مَاجَه

#### বাংলা

৩১১৩-[১৬] 'আলী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ হে 'আলী! তুমি নিজের উরু (রান) খুলো না এবং কোনো জীবিত বা মৃতের উরুর প্রতিও দৃষ্টিপাত করো না। (আবূ দাউদ ও ইবনু মাজাহ)[1]

# ফুটনোট

[1] খুবই দুর্বল : আবূ দাউদ ৩১৪০, ইবনু মাজাহ ১৪৬০, আহমাদ ১২৪৯, ইরওয়া ৬৯৮, য'ঈফ আল জামি' ৬১৮৭। কারণ এর সনদে হাবীব বিন আবী সাবিত একজন মুদাল্লিস রাবী আর তার এবং তার শায়খের মাঝে গোপনকৃত রাবী 'আমর বিন খালিদ আল ওয়াসিত্বী একজন মিথ্যার অপবাদপ্রাপ্ত মাতরূক রাবী।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীস থেকে প্রতীয়ামান হয় যে, মৃত ও জীবিত ব্যক্তির সতরের হুকুম একই। সতরের ক্ষেত্রে ও জীবিত ব্যক্তির মাঝে কোনো পার্থক্য নেই। ('আওনুল মা'বৃদ ৬ষ্ঠ খন্ড, হাঃ ৩১৩৮; মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আলী ইবন আবী তালিব (রাঃ)

👲 হাদিস্বিডির প্রজেক্টে অনুদান দিন